

## ■ বারো ইমামের অনুসারী শিয়াদের দৃষ্টিতে চার ইমাম (আবু হানিফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ)

বিভাগ/অধ্যায়ঃ ইমাম মালেকের রাহিমাহুল্লাহ উপর ইমামিয়াদের অপবাদ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ইমাম মালেকের রাহিমাহুল্লাহ উপর ইমামিয়াদের অপবাদ

বায়াযীর আসসিরাতুল মুসতাকীম গ্রন্থে এসেছে, জাফর ইবন আবি সুলাইমান ইমাম মালেককে প্রহার করেন এবং চুল কামিয়ে তাকে উটের পিঠে করে ঘুরান। আরো বর্ণনা করেন যে, তিনি (ইমাম মালেক) খারেজীদের মত পোষণ করতেন। তাকে খারেজীদের ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, এমন কওম সম্পর্কে আমি কী বলব যারা আমাদের উপর ক্ষমতাসীন হয়ে ন্যায় প্রতিষ্ঠা করেছে?[1]

তিজানী বলেন, "এই মালেক ইসলাম ধর্মের মধ্যে একটি বিদ'আতী মাযহাব চালু করেছে।"[2] এগুলো সুস্পষ্ট অন্যায় অপবাদ। বরং ইমাম মালেক রাহিমাহুল্লাহ সুন্নতের অনুসারী ইমাম এবং বিদ'আত বিরোধী হিসেবে খ্যাতি লাভ করেছেন। ইমাম মালেকের রাহিমাহুল্লাহ ইলম, সুন্নাহ্ সম্পর্কে তার জ্ঞান এসব অভিযোগকে মিথ্যা প্রতিপন্ন করে।

>

## ফুটনোট

- [1] দেখুন: 'আসসিরাতুল মুসতাকীম' (৩/২২০)।
- [2] ড. মুহাম্মদ আত তীজানীর 'আশ শিয়া হুম আহলুস সুনাহ্' (পৃঃ ৮৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9876

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন